গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়
সমন্বয়-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

স্মারক নং-২৯.০০.০০০০.২২৩.২০.০১২.২৪-৮৬ তারিখ: ৩০/০৯/২০২৪ খ্রি.

প্রাপক: চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার
চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার এর কার্যালয়
পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, হিসাব ভবন, সেগুন বাগিচা, ঢাকা।

বিষয়: খাগড়াছড়ি জেলায় ১৮/০৯/২০২৪ ও ১৯/০৯/২০২৪ তারিখ সংঘটিত সহিংসতায় নিহত, আগুনে পুড়ে যাওয়া দোকান/বসতবাড়ী এবং ভাংচুর হয়েছে এমন দোকান/বসতবাড়ী ক্ষতিগ্রস্থদের আর্থিক সহায়তা প্রদানের লক্ষ্যে আপদকালীন পরিস্থিতি মোকাবেলা করার জন্য অর্থ বরাদ্দ প্রসংগে।

উপযুর্ক্ত বিষয়ে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, খাগড়াছড়ি জেলায় ১৮/০৯/২০২৪ ও ১৯/০৯/২০২৪ তারিখ তারিখ সংঘটিত সহিংসতায় নিহত, আগুনে পুড়ে যাওয়া দোকান/বসতবাড়ী এবং ভাংচুর হয়েছে এমন দোকান/বসতবাড়ী ক্ষতিগ্রস্থদের আর্থিক সহায়তা প্রদানের লক্ষে ৩১,৬৫,০০০/-(একত্রিশ লক্ষ পঁয়ষট্টি হাজার) টাকা জেলা প্রশাসক, খাগড়াছড়ি পার্বত্য জেলার অনুকূলে নিম্নে বর্ণিত ছক ও শর্ত মোতাবেক সরকারি মঞ্জুরি জ্ঞাপন করা হলো:

| প্রতিষ্ঠানের নাম | ক্ষতির ধরণ/বিবরণ | সংখ্যা | টাকার পরিমাণ (জনপ্রতি) | টাকার মোট পরিমাণ |
|---|---|---|---|---|
| জেলা প্রশাসক, খাগড়াছড়ি পার্বত্য জেলা | নিহত ব্যক্তির পরিবার | ০৪ জন | ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা | ৪,০০,০০০/- |
| | আগুনে পুড়ে যাওয়া দোকান/বসতবাড়ী | ৮৯ টি দোকান | ২৫,০০০/-(পচিঁশ হাজার) টাকা | ২২,২৫,০০০/- |
| | ভাংচুর হয়েছে এমন দোকান/বসতবাড়ী | ২৭টি দোকান | ২০,০০০/-(বিশ হাজার) টাকা | ৫,৪০,০০০/- |
| | | | সর্বমোট= একত্রিশ লক্ষ পনের হাজার টাকা | ৩১,৬৫,০০০/- |

০২। চলতি ২০২৪-২০২৫ অর্থ বছরের বাজেটে পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের অনুকূলে ১৫৫০১০১-সচিবালয়, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়-১২০০০১৯১৫-পার্বত্য জেলাসমূহে পুনর্বাসন কর্মসূচি-৩ আবর্তক ব্যয়-৩৭ সামাজিক সুবিধাদি-৩৭২১-নগদ সামাজিক সহায়তা সুবিধাদি-৩৭২১১০১ ত্রাণ কার্য (নগদ) খাতে বরাদ্দকৃত ৮,৪০,০০,০০০/-(আট কোটি চল্লিশ লক্ষ) টাকার মধ্যে আপদকালীন পরিস্থিতি মোকাবেলা খাতে বিভাজনকৃত ৮,০০,০০,০০০/-(আট কোটি) টাকা হতে এ ব্যয় বহন করা হবে।

**শর্তসমূহ:**

১. মঞ্জুরিকৃত অর্থ উত্তোলনের ক্ষমতাপত্র যথাসময়ে জেলা প্রশাসক, খাগড়াছড়ি পার্বত্য জেলা বরাবরে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।
২. বরাদ্দকৃত অর্থ মাস্টার রোলের মাধ্যমে বিতরণপূর্বক নিরীক্ষার জন্য সংরক্ষণ করতে হবে এবং এ সংক্রান্ত প্রতিবেদন যথাসময়ে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।
৩. বরাদ্দকৃত অর্থ ব্যবহারে আপদকালীন পরিস্থিতি মোকাবেলা শীর্ষক কর্মসূচি বাস্তবায়ন সংক্রান্ত এ মন্ত্রণালয়ের গত ১৫/০৪/২০০২ তারিখের ৪৩২ নং স্মারকের পরিপত্রের শর্তাদি যথাযথভাবে প্রতিপালন করতে হবে।
৪. মন্ত্রণালয়ের পক্ষ থেকে উপযুক্ত প্রতিনিধি যে কোন সময় ও মুহূর্তে যে কোন প্রকার পরিদর্শন ও প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করতে পারবে।

৩০/০৯/২০২৪
(মালেকা পারভীন)
উপসচিব
ফোন-০২৫৫১০০১২৩

চলমান পাতা-০২

স্মারক নং-২৯.০০.০০০০.২২৩.২০.০১২.২৪-৮৬ তারিখ: ৩০/০৯/২০২৪ খ্রি.

সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. জেলা প্রশাসক, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
৩. অতিরিক্ত সচিব (সমন্বয়), পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. মাননীয় উপদেষ্টা মহোদয়ের একান্ত সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় উপদেষ্টা মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫. সচিবের একান্ত সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৬. জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
৭. সহকারী প্রোগ্রামার, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (আদেশটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৮. অফিস কপি।

৩০/০৯/২০২৪
(মালেকা পারভীন)
উপসচিব